



SRIPAT SINGH COLLEGE

নোটিশ

২০২৬-২৭ শিক্ষাবর্ষের প্রথম সেমেস্টারের কলা (Arts) ও বিজ্ঞান (Science) বিভাগের সকল নবাগত ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে কলেজে Physical Verification হবে আগামী ২৭/০৬/২৬ (শনিবার) এবং ২৯/০৬/২৬ (সোমবার) সকাল ১১. ৩০ মিনিটে অনুষ্ঠিত হবে। যদি কেউ বিশেষ কারণে প্রথম দুদিনে physical Verification করতে না পারে, তাহলে অবশ্যই ৩০/০৬/২৬ থেকে ০৪/০৭/২৬ তারিখের মধ্যে যেকোন একদিন ১২. ০০-৩. ০০ টার মধ্যে physical Verification করতে হবে। ০৪/০৭/২৬ তারিখ বেলা ২. ০০ টার মধ্যে কোন কারণে Physical verification করতে না পারলে admission auto cancel হয়ে যাবে। এরজন্য কলেজ কতৃপক্ষ দায়ী থাকবে না।

Physical Verification-এর সময় প্রত্যেক ছাত্রছাত্রীকে তাদের ভর্তি প্রক্রিয়ায় পূরণ করা Application Form-এর প্রিন্ট কপি, Provisional Admission Challan/Slip এবং সমস্ত Original Documents সঙ্গে আনতে হবে। এর মধ্যে থাকবে M.P. Marksheet ও Admit Card, H.S. Admit Card, Marksheet এবং Certificate (যদি H.S. Marksheet ল্যামিনেটেড থাকে তবে অবশ্যই কেটে আনতে হবে), বিভিন্ন Reservation Certificate (SC, ST, OBC-A, OBC-B, EWS, Disability), Aadhaar Card এবং School Leaving Certificate। উপরোক্ত সমস্ত নথির এক কপি Xerox-ও সঙ্গে রাখতে হবে।

ছাত্রছাত্রীদের কলেজে এসে প্রথমে তাদের নিজ নিজ Major Subject-এর জন্য নির্ধারিত ঘরে বসতে হবে এবং সেখানেই Physical Verification সম্পন্ন করা হবে। কোন ঘরে Verification হবে তার তালিকা Academic Building-এর Notice Board এবং কলেজের ওয়েবসাইটে (www.sripatsinghcollege.edu.in) প্রকাশিত থাকবে। Verification শেষে ভর্তি নিশ্চিত হলে সেদিনই প্রত্যেক ছাত্রছাত্রীকে Attendance Register-এ নাম নথিভুক্ত করতে হবে।

উল্লেখ্য, আগামী ০৬-০৭-২০২৬ (সোমবার) থেকে নিয়মিত ক্লাস শুরু হবে।

প্রয়োজন অনুযায়ী সময়সূচী পরিবর্তন হতে পারে।

অধ্যক্ষ

শ্রীপৎ সিং কলেজ

